মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়
ডিমলা,নীলফামারী ।
E-mail-dimla@uhfpo.dghs.gov.bd

স্মারক নং-উঃস্বাঃকমঃ/ডিমলা/নীলফা/২০২১/

তারিখঃ- / /২০২১ খ্রিঃ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক নিয়মিত স্থায়ী কমিটির সভায় অংশগ্রহন প্রসংগে ।

সূত্রঃ ০৫.০৪৭.৭৩১২.০০০.০৫.০৪১.১৯.২৯২(৫০) তারিখঃ ৭ মে, ২০১৯ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে এই মর্মে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক নিয়মিত স্থায়ী কমিটির সম্মানীত সভাপতি মহোদয়ের সদয় সম্মতিক্রমে আগামী ০৯/০৮/২০২১ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন-স্বাক্ষরকারীর অফিস কক্ষে উক্ত কমিটির সভা অনুষ্ঠিত হবে । উক্ত সভায় আপনাকে একজন সম্মানিত সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

প্রাপক

..................................................

..................................................

ডিমলা,নীলফামারী ।

(ডাঃ মোঃ সারোয়ার আলম)
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা
ডিমলা,নীলফামারী ।

স্মারক নং-উঃস্বাঃকমঃ/ডিমলা/নীলফা/২০২১/

তারিখঃ- / /২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলোঃ-

১. সিভিল সার্জন,নীলফামারী ।
২. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ডিমলা,নীলফামারী ।
৩. উপজেলা নির্বাহী অফিসার,ডিমলা,নীলফামারী ।
৪. অফিস কপি ।

উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা
ডিমলা,নীলফামারী ।

# ডিমলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির বিবরনীঃ-

সভাপতি : মোছাঃ আয়শা সিদ্দিকা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডিমলা, নীলফামারী।
স্থান : উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয় ডিমলা, নীলফামারী ।
তারিখ : ০৯/০৮/২০২১ খ্রিঃ ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

কমিটির নামঃ ডিমলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি ।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| ১ | মোছাঃ আয়শা সিদ্দিকা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী | সভাপতি |
| ২ | মোঃ আবুল কাশেম সরকার, চেয়ারম্যান, ডিমলা ইউপি, ডিমলা, নীলফামারী । | সদস্য |
| ৩ | মোঃ রবিউল ইসলাম লিমন, চেয়ারম্যান, খগাখড়িবাড়ী ইউপি, ডিমলা, নীলফামারী । | সদস্য |
| ৪ | [illegible], উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ডিমলা, নীলফামারী । | সদস্য |
| ৫ | ডাঃ মোঃ সারোয়ার আলম, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডিমলা, নীলফামারী । | সদস্য সচিব |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে লিপিবদ্ধ আছে ।

সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন । অতঃপর সভার সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে সভার কার্যক্রম শুরু করার অনুরোধ করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত-

| ক্রমং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **সাইকেল/মোটর সাইকেল গ্যারেজ সংস্কার/পুনঃনির্মাণঃ-** ডাঃ মোঃ সারোয়ার আলম, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডিমলা, নীলফামারী মহোদয় সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, হাসপাতালের সাইকেল/মোটর সাইকেল গ্যারেজটি জরাজির্ণ অবস্থায় আছে । যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে । তাই রোগীদের সাইকেল ও মোটর সাইকেল রাখার স্বার্থে গ্যারেজটি জরুরী ভিত্তিতে সংস্কার/পুনঃনির্মান করা প্রয়োজন । গ্যারেজটি সংস্কার/পুনঃনির্মান এর জন্য সভাপতি মহোদয়ের সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে পুনরায় সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন ।<br>**উল্লেখ্য যে, উক্ত জায়গাটি অস্থায়ীভাবে কোভিড-১৯ টিকাদান কেন্দ্র হিসেবে ব্যবহার করা যাবে ।** | বিস্তারিত আলোচনা শেষে সাইকেল গ্যারেজটি সংস্কার/পুনঃনির্মান এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী |
| ২. | **কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য গর্ভবতী, মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে প্রশিক্ষন :** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় আরো জানান যে, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য গর্ভবতী, মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে প্রশিক্ষন প্রয়োজন । তিনি এ বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন । | বিস্তারিত আলোচনা শেষে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>রিসোর্স পার্সন হিসাবে উপজেলা পরিষদ এর চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান গন, সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা ও জাইকা প্রতিনিধি কে রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী ও জাইকা প্রতিনিধি, সংশ্লিষ্ট দপ্তর । |
| ৩. | **জরুরী বিভাগ সংস্কারঃ-** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় আরো জানান যে, ডিমলা হাসপাতালের জরুরী বিভাগ সহ তদসংলগ্ন ডিউটি রুমটি দীর্ঘদিন যাবত সংস্কার হয় নি । তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের তহবিল হইতে হাসপাতালের জরুরী বিভাগ সংস্কার ও তদসংলগ্ন ডিউটি রুমটি সংস্কার সহ ডেকোরেট করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন । | সভাপতি মহোদয় বিষয়টি উপজেলা পরিষদে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে জানান । | উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী । |
| ৪. | **পরিচ্ছন্নতাকর্মী নিয়োগঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় আরো জানান যে, অত্র হাসপাতালে বর্তমানে ০৩ জন পরিচ্ছন্নতাকর্মী কর্মরত আছে । তন্মধ্যে ০২ জন পরিচ্ছন্নতাকর্মী বয়সে প্রবিন ও বার্ধক্যজনিত বিভিন্ন সমস্যায় ভুগছেন । পরিচ্ছন্নতাকর্মী চাহিদার তুলনায় কম হওয়ায় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা দুরহ হইতেছে । **উপজেলা পরিষদের তহবিল হইতে ০২ জন পরিচ্ছন্নতাকর্মী নিয়োগের ব্যবস্থা গ্রহনের জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন ।** | সভাপতি মহোদয় বিষয়টি উপজেলা পরিষদে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে জানান । | উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী । |
| ৫. | **বিবিধঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় আরো জানান যে, হাসপাতালে পানি নিষ্কাশন ব্যবস্থা না থাকায় সামান্য বৃষ্টিপাত হলেই জলাবদ্ধতা দেখা দেয় । এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন । | হাসপাতালে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

Alam 09/8/21

(ডাঃ মোঃ সারোয়ার আলম)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
ডিমলা, নীলফামারী ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি
ডিমলা, নীলফামারী ।

০৯/০৮/২১

(মোছাঃ আয়শা সিদ্দিকা)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ডিমলা, নীলফামারী ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি
ডিমলা, নীলফামারী ।

# ডিমলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক নিয়মিত স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোছাঃ আয়শা সিদ্দিকা,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ডিমলা,নীলফামারী । |
| প্রতিষ্ঠানের নাম | ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,ডিমলা,নীলফামারী । |
| সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানা | ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়,ডিমলা,নীলফামারী । |
| সময় | ঃ সকালঃ ১১.০০ ঘটিকা । তারিখঃ- ০৯/০৮/২০২১ খ্রিঃ । |

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগনের নাম | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোছাঃ আয়শা সিদ্দিকা,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ডিমলা ও সভাপতি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি । | উপজেলা পরিষদ, ডিমলা,নীলফামারী | স্বাক্ষরিতঃ- |
| ২. | মোঃ আবুল কাশেম সরকার,চেয়ারম্যান,ডিমলা ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি । | ডিমলা ইউপি | স্বাক্ষরিতঃ- |
| ৩. | মোঃ রবিউল ইসলাম শিথন,চেয়ারম্যান,খগাখড়িবাড়ী ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি । | খগাখড়িবাড়ী ইউপি | স্বাক্ষরিতঃ- |
| ৪. | হাসীন,উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ডিমলা,নীলফামারী ও সদস্য,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি। | ডিমলা,নীলফামারী | স্বাক্ষরিতঃ- |
| ৫. | ডাঃ মোঃ সারোয়ার আলম,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,ডিমলা,নীলফামারী ও সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি । | ডিমলা,নীলফামারী | স্বাক্ষরিতঃ- |